হজযাত্রীদের জন্য প্রধানমন্ত্রীর সৌজন্য উপহার



পবিত্র হজ পালনে যাওয়া যাত্রীদের জন্য শুভেচ্ছা উপহার পাঠিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। ইতোমধ্যে এসব সামগ্রী ঢাকার হজ অফিসে পৌঁছে গেছে।

হজ অফিসের পরিচালক মো. লোকমান হোসেন জানান, প্রধানমন্ত্রীর পক্ষ থেকে আল্লাহর মেহমানদের জন্য নানা ধরনের উপহার পাঠানো হয়েছে। এর মধ্যে রয়েছে প্রায় এক লাখ বোতল মিনারেল ওয়াটার, যা হজ ক্যাম্পে অবস্থানরত যাত্রীদের মাঝে বিতরণ করা হচ্ছে।

এছাড়া উদ্বোধনী ফ্লাইটের যাত্রীদের জন্য আলাদা উপহার প্যাকেজ রাখা হয়েছে। এতে রয়েছে ব্যাকপ্যাক, ইহরাম সাবান, পানির পাত্র, পেট্রোলিয়াম জেলি, মিসওয়াক ও আজওয়া খেজুর। এসব সামগ্রী প্যাকেটজাত করে নির্ধারিত যাত্রীদের হাতে তুলে দেওয়া হবে।

শুক্রবার রাতে হজ কার্যক্রমের আনুষ্ঠানিক সূচনা করতে হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে উদ্বোধনী ফ্লাইটে অংশ নেবেন প্রধানমন্ত্রী। চলতি বছর বাংলাদেশ থেকে মোট ৭৮ হাজার ৫০০ জন হজযাত্রী পবিত্র হজব্রত পালন করতে যাচ্ছেন।

LENS ASIA